



## ঢাকা বিশ্ববিদ্যালয়

১০ এপ্রিল ২০১৯ তারিখ বুধবার সকাল ১১:৩০ টায় মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-এর সভাপতিত্বে বাংলা নববর্ষ ১৪২৬ উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভা নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

### সভার কার্যবিবরণী

মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার আলোচনা শুরু করেন। ডিন, চারুকলা অনুষদ ও প্রক্টর ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলা নববর্ষ ১৪২৬ উদযাপনের চূড়ান্ত প্রস্তুতির বিষয়ে সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

১. মঙ্গল শোভাযাত্রা সকাল ৯:০০ টায় চারুকলা অনুষদ থেকে শুরু হবে। মঙ্গল শোভাযাত্রা চারুকলা অনুষদের ০১ নং গেইট থেকে শুরু করে শাহবাগ মোড় দিয়ে ঢাকা ক্লাব বরাবর রাস্তা দিয়ে ইউ-টার্ন নিয়ে ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) সম্মুখ রাস্তা ভাঙ্গার হয়ে চারুকলা অনুষদে ফেরত আসবে।
২. বিশ্ববিদ্যালয়ের বি এন সি সি, রোভার ও রেঞ্জার-এর সদস্যরা সকাল ৮:০০ টার পূর্বেই যেন চারুকলা অনুষদে উপস্থিত থাকেন সে বিষয়টি নিশ্চিত করবেন প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. বর্ষবরণের দিন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগতদের অবহিত করার জন্য নির্দিষ্ট স্থানে ময়লা ফেলা এবং মোবাইল পাবলিক টয়লেটের অবস্থানের বিষয়টি দায়িত্বপ্রাপ্ত বি এন সি সি, রোভার ও রেঞ্জার সদস্যদেরকে জানানোর ব্যবস্থা গ্রহণ করা হোক। প্রক্টর ও এস্টেট ম্যানেজার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৪. নববর্ষের পরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ময়লা-আবর্জনা জরুরি ভিত্তিতে অপসারণ করার ব্যবস্থা গ্রহণ করা হোক। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী ও এস্টেট ম্যানেজার-কে দায়িত্ব প্রদান করা হলো।
৫. ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) সহ কতিপয় এলাকার লোকসমাগম ও বর্ষবরণ অনুষ্ঠানাদির কোন্ কোন্ বিষয় গণমাধ্যমে সম্প্রচার করা যায় সে বিষয়ে জনসংযোগ অফিসের পরিচালক প্রক্টর-এর সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৬. সভায় বর্ষবরণ উদযাপনে বি এন সি সি, রোভার, রেঞ্জার ও অন্যান্য সেচ্ছাসেবক সদস্যদের নানাবিধ ব্যয় (আপ্যায়ন, শব্দযন্ত্র ভাড়া ইত্যাদি) শৃঙ্খলা উপ-কমিটির আহ্বায়কের সাথে আলোচনা করে সমন্বয় করার সিদ্ধান্ত হয়।
৭. সভায় মঙ্গল শোভাযাত্রা আয়োজনের আর্থিক বিষয়টি মঙ্গল শোভাযাত্রা উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক নিসার হোসেন, ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় সমন্বয় করবেন।
৮. বর্ষবরণ উদযাপনে অংশগ্রহণকারী বিদেশী অতিথিদের নিরাপত্তার বিষয়টি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় নিশ্চিত করবেন প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯. নববর্ষের দিন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জরুরি স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে সার্বক্ষণিক ০২ (দুই) জন চিকিৎসক রাখার ব্যবস্থা গ্রহণ করবেন প্রধান মেডিকেল অফিসার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০. বিশ্ববিদ্যালয়ের গাছের বুনিকিপূর্ণ ডাল-পালা ছাঁটাইয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এস্টেট ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে দায়িত্ব প্রদান করা হোক।
১১. বাড়-বৃষ্টিতে মঙ্গল শোভাযাত্রা আয়োজনের প্রস্তুতিতে যেন ব্যাঘাত সৃষ্টি না হয় তজ্জন্মে ট্রিপল টাঙ্গানোর সম্ভাব্যতার বিষয়ে চারুকলা অনুষদের ডিন-এর সাথে আলোচনা করে প্রধান প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
১২. সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিসহ বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যকে মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হোক। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) সেল-কে দায়িত্ব প্রদান করা হলো।

সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/১০-০৪-২০১৯

(অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ)

প্রো-ভাইস চ্যান্সেলর

ঢাকা বিশ্ববিদ্যালয়

ও

আহ্বায়ক

বাংলা নববর্ষ ১৪২৬ উদযাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি